# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮৮

১/ বিবিধ

আরবী

لا يحرم الحرام، إنما يحرم ما كان بنكاح حلال
باطل

أخرجه الطبراني في " الأوسط " (1 / 173 / 2 من زوائد المعجمين) وابن عدي في " الكامل " (287 / 2) وابن حبان في " الضعفاء " (2 / 99) والدارقطني (ص 402) والبيهقي (7 / 269) من طريق المغيرة بن إسماعيل بن أيوب بن سلمة عن عثمان بن عبد الرحمن الزهري عن ابن شهاب عن عروة عن عائشة قالت
" سئل رسول الله صلى الله عليه وسلم عن الرجل يتبع المرأة حراما، أينكح ابنتها، أو يتبع الابنة حراما، أينكح أمها؟ قالت: قال رسول الله صلى الله عليه وسلم ... " فذكره، قال البيهقي: تفرد به عثمان بن عبد الرحمن الوقاصي هذا وهو ضعيف، قاله يحيى بن معين وغيره من أئمة الحديث
قلت: بل هو كذاب، قال ابن حبان: كان يروي عن الثقات الموضوعات، وكذبه ابن معين في رواية عنه، وقال عبد الحق في " الأحكام " (ق 138 / 2) والهيثمي في " المجمع " (4 / 269)
وهو متروك، وكذا قال الحافظ في " التقريب " وزاد: وكذبه ابن معين
قلت: والراوي عنه المغيرة بن إسماعيل مجهول كما قال الذهبي
والحديث ذكره ابن أبي حاتم في " العلل " (1 / 418) من طريق المغيرة بن إسماعيل عن عمر بن محمد الزهري عن ابن شهاب به ثم قال

قال أبي: هذا حديث باطل، والمغيرة بن إسماعيل وعمر هذا، هما مجهولان قلت: كذا وقع في " العلل ": عمر بن محمد الزهري بدل عثمان بن عبد الرحمن الزهري فلا أدري أهكذا وقع في روايته، أم تحرف على الناسخ والطابع، وقد استدل بالحديث الشافعية وغيرهم على أنه يجوز للرجل أن يتزوج ابنته من الزنى وقد علمت أنه ضعيف فلا حجة فيه، والمسألة اختلف فيها السلف، وليس فيها نص مع أحد الفريقين، وإن كان النظر والاعتبار يقتضي تحريم ذلك عليه، وهو مذهب أحمد وغيره ورجحه شيخ الإسلام ابن تيمية فانظر " الاختيارات " له (123 - 124) ، وتعليقنا على الصفحة (36 - 39) من كتابنا " تحذير الساجد من اتخاذ القبور مساجد

বাংলা

৩৮৮। হারাম পন্থা হারাম করতে পারে না, কিন্তু হালাল বিবাহের মাধ্যমে যা হয় তা হারাম করে দেয়।

হাদীসটি বাতিল।

এটি তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে (১/১৭৩/২), ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (২/২৮৭), ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (২/৯৯), দারাকুতনী (পৃ. ৪০২) এবং বাইহাকী (৭/২৬৯) মুগীরা ইবনু ইসমাঈল ইবনে আইউব ইবনে সালামা সূত্রে উসমান ইবনু আবদির রহমান যুহরী হতে ... বর্ণনা করেছেন।

বাইহাকী বলেনঃ উসমান ইবনু আবদির রহমান ওকাসী এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তিনি দুর্বল। কথাটি ইবনু মাঈন এবং অন্যান্য হাদীস শাস্ত্রের ইমামগণ বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। ইবনু মাঈন তাকে মিথ্যুক বলেছেন। আব্দুল হক “আল-আহকাম” গ্রন্থে (কাফ ২/১৩৮) এবং হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৪/২৬৯) বলেছেনঃ তিনি মাতরূক। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে অনুরূপ কথাই বলেছেন। তিনি আরো বলেছেনঃ ইবনু মাঈন তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী মুগীরা ইবনু ইসমাঈল মাজহুল; যেমনভাবে যাহাবী বলেছেন। ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (১/৪১৮) মুগীরা ইবনু ইসমাঈল সূত্রে উমার ইবনু মুহাম্মাদ যুহরী হতে হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ আমার পিতা বলেছেনঃ এ হাদীসটি বাতিল। মুগীরা এবং এ উমার তারা উভয়েই মাজহুল। শাফেয়ীগণ এ হাদীস দ্বারা যেনার মাধ্যমে ভূমিষ্ট মেয়েকে বিবাহ করা জায়েয, এ মর্মে দলীল দিয়েছেন, অথচ হাদীসটি বাতিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন